

নথি অফিসঃ ----
নথি শাখাঃ ----

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৬২৬.০২.০১২.২৪ নথির বিষয়: : Purchas of dresser coupling rubber gasket কাজের অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Purchas of dresser coupling rubber gasket কাজের অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৩/১২/২৪ ৮:৩০ অপরাহ্ন

সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (১টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লানটের পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে অপরিশোধিত পানি সংগ্রহ করে পরিশোধন করা হয়। পরিশোধন শেষে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মিঃমিঃ ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্তা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (মডস জোন-৪, মডস জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়।

সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের ৪৫ টি গভীর নলকূপের মাধ্যমে আইআরপি-১ এর ১৩ কিলোমিটার এবং আইআরপি-২ এর ১০ কিলোমিটার পাইপ লাইন রয়েছে এছাড়া OGR হতে ডিস্ট্রিবিউশন পয়েন্ট পর্যন্ত ১৩.২ কিলোমিটার পাইপ লাইন নেটওয়ার্ক বিদ্যমান। উক্ত লাইনের মাধ্যমে দৈনিক প্রায় ১৫ কোটি লিটার পানি ঢাকা শহরের বৃহত্তর মীরপুর এলাকায় সরবরাহ করা হচ্ছে। বিদ্যমান পাম্পের ৩০০ মিঃমিঃ ও ২০০ মিঃমিঃ ডেলিভারী পাইপ লাইনে বিভিন্ন সময় লিকেজ পরিলক্ষিত হয়। পানির উৎপাদন ও মান স্বাভাবিক রাখার নিমিত্তে জরুরী বিবেচনায় দ্রুত লিকেজ মেরামত করার প্রয়োজন হয়। জরুরী মেরামতের জন্য বিভিন্ন সাইজের ডেসারসহ ফিটিংস প্রয়োজন হয়। বর্তমানে প্লান্টে বিভিন্ন সাইজের ডেসার মজুদ রয়েছে কিন্তু লিকেজ মেরামতের জন্য রাবারের ডেসার কাপলিং গ্যাসকেট নেই (সংযুক্তি-১ এ গ্যাসকেটের ছবি)। জরুরী ভিত্তিতে রাবারের ডেসার কাপলিং গ্যাসকেট ক্রয় করা প্রয়োজন। উল্লেখিত কাজের জন্য বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্তি-২)। প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা মাত্র। কাজটির ব্যয় অত্র বিভাগের ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার (ক্রমিক নং-১৭৪) “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” খাত হতে নির্বাহ এবং পিপিআর/২০০৮-এর বিধি ৮১ (১) অনুসরণ করে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে (সংযুক্তি-৩)।

সংযুক্তিসমূহ (৩):

১। গ্যাসকেটের ছবি।.pdf

২। প্রাক্কলন।.pdf

৩। APP.pdf.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৩/১২/২৪ ৮:৩১ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ এর বর্ণনার আলোকে Purchas of dresser coupling rubber gasket কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) বর্ণিত কাজের জন্য সর্বমোট ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকার প্রাক্কলন অনুমোদন।


খ) পিপিআর/২০০৮-এর বিধি ৮১(১) মোতাবেক কাজটি অস্থায়ী অগ্রীম হিসাবে বাস্তবায়নের সদয় অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৪-২৫ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনার “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” খাতের ক্র: নং-১৭৪ হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।




৩/১২/২৪ ৮:৩১ অপরাহ্ন
মোঃ রেজাউল করিম
উপ-সহকারী প্রকৌশলী
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট



৩/১২/২৪ ৮:৩৬ অপরাহ্ন
মোঃ জাফর ইকবাল চৌধুরী
সহকারী প্রকৌশলী
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট



৪/১২/২৪ ১২:৫১ পূর্বাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট



৪/১২/২৪ ১২:৩৬ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

৪/১২/২৪ ১২:৩৬ অপরাহ্ন


মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৪/১২/২৪ ৮:৪৮ অপরাহ্ন

Okay



৪/১২/২৪ ৮:৪৮ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)




৫/১২/২৪ ৩:০১ অপরাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

৫/১২/২৪ ৩:০১ অপরাহ্ন

মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৯/১২/২৪ ১০:২৯ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.২ এর অনুমোদনের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নিন।



৯/১২/২৪ ১০:২৯ অপরাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

৯/১২/২৪ ১০:২৯ অপরাহ্ন

মোঃ রেজাউল করিম
উপ-সহকারী প্রকৌশলী
সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট